গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ডিমলা, নীলফামারী।
www.acl.dimla.nilphamari.gov.bd

স্মারক নং- ৩১.০২.৭৩১২.০০০.০২.০১৫.২৬-১৮ তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

**" ডিমলা উপজেলার জলমহাল ইজারা বিজ্ঞপ্তি "**

এতদ্বারা নিবন্ধিত মৎসজীবী সমিতির/সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিমলা উপজেলাধীন উল্লিখিত ২০ একর পর্যন্ত খাস (বদ্ধ) জলমহালসমূহ নির্ধারিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বাংলা ১৪৩৩ বঙ্গাব্দ হতে ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে। ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২৩ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.৫০.৬৮.০০২৩.২৫-৭০৪ নং প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারার আবেদন করতে হবে।

আগ্রহী সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে চলতি বাংলা ১৪৩২ সনের আগামী ০১ মাঘ হতে ১৫ মাঘের মধ্যে (১৫/০১/২০২৬ খ্রি. হতে ২৯/০১/২০২৬ খ্রি.) তারিখে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। অনলাইনে আবেদন দাখিলের সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অনলাইন আবেদনের সকল প্রিন্ট কপিসহ জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি ও আবেদন বাবদ জমাকৃত চালানের মুল কপি সীলগালা মুখ বন্ধ খামে অফিস চলাকালীন সময়ে আবশ্যিকভাবে এ কার্যালয়ে দাখিল করতে হবে। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং এ সংক্রান্ত ভূমি মন্ত্রণালয়ের জারীকৃত পরিপত্র/নির্দেশনার আলোকে প্রাপ্ত আবেদনসমূহ নির্ধারিত সিডিউল মোতাবেক যাচাই-বাছাইঅন্তে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনপূর্বক জলমহাল ইজারার সিদ্ধান্ত গৃহীত হবে।

**জলমহাল ইজারা কার্যক্রম সম্পন্নের বর্ষপঞ্জিকা/সিডিউল**

| ক্র: নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১. | ইংরেজি: ১৫-০১-২০২৬ থেকে ২৯-০১-২০২৬ খ্রি. তারিখ<br>বাংলা: ০১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ থেকে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ০২. | ইংরেজি: ০১-০২-২০২৬ থেকে ০৩-০২-২০২৬ খ্রি. তারিখ<br>বাংলা: ১৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ থেকে ২০ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৩. | ইংরেজি: ০৫-০২-২০২৬ থেকে ১১-০২-২০২৬ খ্রি. তারিখ<br>বাংলা: ২২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ থেকে ২৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৪. | ইংরেজি: ১২-০২-২০২৬ থেকে ১৮-০২-২০২৬ খ্রি. তারিখ<br>বাংলা: ২৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ থেকে ০৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৫. | ইংরেজি: ১৯-০২-২০২৬ থেকে ১১-০৩-২০২৬ খ্রি. তারিখ<br>বাংলা: ০৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ থেকে ২৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৬. | ইংরেজি: ১২-০৩-২০২৬ থেকে ১৬-০৩-২০২৬ খ্রি. তারিখ<br>বাংলা: ২৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ থেকে ০২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৭. | ইংরেজি: ১৭-০৩-২০২৬ থেকে ২৯-০৩-২০২৬ খ্রি. তারিখ<br>বাংলা: ০৩ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ থেকে ১৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গৃহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৮. | ইংরেজি: ১৪-০৪-২০২৬ খ্রি. তারিখ<br>বাংলা: ০১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তালিকা:**

| ক্র: নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম ও আয়তন (একরে) | সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫ (৪) (খ) অনুচ্ছেদ অনুযায়ী সরকারি ইজারা মুল্য | আবেদন গ্রহণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | গয়াবাড়ী | কুমলাই নদী<br>মৌজা: গয়াবাড়ী<br>খ: নং দাগ নং জমি<br>০১ ৪০০১ ৩.১৪ একর | ১,৬৮,২৬৩/- | ইংরেজি: ১৫-০১-২০২৬ থেকে ২৯-০১-২০২৬ খ্রি. তারিখ<br>বাংলা: ০১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ থেকে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ | - |
| ০২. | পশ্চিম ছাতনাই | ভরালদহ<br>মৌজা: মধ্য ছাতনাই<br>খ: নং দাগ নং জমি<br>০১ ৬১৯৩ ৩.১৭ একর | ২,১৪,৭২৫/- | ঐ | - |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৩. | ডিমলা | ভূতকুড়া<br>মৌজা: কুঠিরডাঙ্গা<br>খ: নং দাগ নং জমি<br>০১ ৬১১ ০.২৬ একর<br>৭২৩ ৪.৭৭ একর<br>৫.০৩ একর | ১২,৮৬৩/- | ইংরেজি: ১৫-০১-২০২৬ থেকে ২৯-০১-২০২৬ খ্রি. তারিখ<br>বাংলা: ০১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ থেকে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ | - |
| ০৪. | নাউতারা | ধরধরা বিল<br>মৌজা: সাতজান<br>খ: নং দাগ নং জমি<br>০১ ২৫০১ ৪.৩০ একর | ১২,০৭৫/- | ঐ | - |

**জলমহাল ইজারার শর্তাবলী:**

০১। আবেদনকারীকে আবেদনপত্রের সাথে আবেদন ফি (অফেরতযোগ্য) ৫০০/-(পাঁচশত টাকা) এবং জামানত (ইজারা মূল্যের ২০%) উপজেলা নির্বাহী অফিসার, ডিমলা, নীলফামারী বরাবরে তফসিলী ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক এর মাধ্যমে পৃথকভাবে জমা দিতে হবে।

০২। ইজারা প্রাপ্ত আবেদনকারীকে তার আবেদন গ্রহণের (পনেরো) কার্যদিবসের মধ্যে প্রথম বছরের ইজারামূল্য, ইজারামূল্যের অতিরিক্ত সর্বশেষ নীতিমালা অনুসরণপূর্বক আয়কর ও মূল্যসংযোজন করসহ সম্পূর্ণ অর্থ জমা দিতে হবে। অন্যথায় তার আবেদনপত্র বাতিল করে সমুদয় জামানত বাজেয়াপ্ত করা হবে। ইজারা প্রাপ্ত আবেদনকারীকে সংশ্লিষ্ট জলমহালের সমুদয় অর্থ পরিশোধ ও চুক্তিনামা সম্পাদন করে জলমহালের দখল বুঝে নিতে হবে।

০৩। দ্বিতীয় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য প্রথম বছরের ১৫ ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। তৃতীয় বছরের সম্পূর্ণ ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং সর্বশেষ বছরের ইজারা মূল্যের সাথে জামানতের অর্থ সমন্বয় করা হবে।

০৪। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতার নাম ও ঠিকানাসহ প্রদেয় দর অংকে এবং কথায় স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। কোন প্রকার কাটাকাটি বা ঘষা-মাঝা করা যাবে না। প্রতিটি জলমহালের জন্য ভিন্ন ভিন্ন আবেদন দাখিল করতে হবে।

০৫। প্রত্যেক আবেদনকারীকে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি নির্বাচিত কমিটির গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্ট সংক্রান্ত প্রত্যয়ন পত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে ও সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসরণপূর্বক এবং ২৩ নভেম্বর, ২০২৫ খ্রি. তারিখের প্রজ্ঞাপন মোতাবেক আগামী ১৫/০১/২০২৬ খ্রি. হতে ২৯/০১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে (jm.lams.gov.bd) ওয়েবসাইটে অনলাইনে আবেদন করতে হবে।

০৬। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯, এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

০৭। ইজারাদারকে জলমহালগুলো পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে জলমহালের কোনরূপ পরিবর্তন করা যাবেনা।

০৮। ইজারাদার কোন অবস্থাতে ইজারাকৃত জলমহাল সাবলীজ দিতে পারবেন না।

০৯। যে কোন আবেদনপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৫/০১/২০২৬

( মোঃ ইমরানুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ডিমলা, নীলফামারী।